তারিখ ... 4 JUL 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২

সমকাল

# রাবিতে সপ্তাহে ছুটি ২ দিন

রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ১৬ জুলাই থেকে সাপ্তাহিক ছুটি ২ দিন করার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ জন্য একাডেমিক ও দাপ্তরিক কার্যক্রমের সময়সূচি বৃদ্ধি করে সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত করা হয়েছে। গতকাল সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের প্রশাসক মো. মশিহুর রহমান এ তথ্য জানান।

মো. মশিহুর রহমান জানান, বিশ্ববিদ্যালয়ের অফিসের সময়সূচি পুনর্নির্ধারণ করা হয়েছে। এতদিন পর্যন্ত সপ্তাহে শুধু শুক্রবার ছুটি এবং সকাল ৮টা থেকে দুপুর ২টা পর্যন্ত একাডেমিক ও দাপ্তরিক কার্যক্রম চলত। পরিবর্তিত সময় অনুযায়ী রোববার থেকে বৃহস্পতিবার সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত এই কার্যক্রম চলবে। এর মধ্যে দুপুর দেড়টা থেকে আড়াইটা পর্যন্ত নামাজ ও মধ্যাহ্ন বিরতি থাকবে। সাপ্তাহিক ছুটি থাকবে শুক্র ও শনিবার। নতুন সময়সূচি ১৬ জুলাই রোববার থেকে কার্যকর হবে।

তিনি আরও জানান, 'সপ্তাহে যেহেতু ২ দিন ছুটি করা হয়েছে তাই একাডেমিক কার্যক্রম ঠিক রাখতেই বিকেল ৫টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় খোলা রাখার সিদ্ধান্ত হয়েছে। এতে করে প্রতিটি বিভাগ যথাযথভাবে তাদের ক্লাস-পরীক্ষার রুটিন সাজাতে পারবে।'

বর্তমান উপাচার্য অধ্যাপক ড. আবদুস সোবহান এর আগের মেয়াদে উপাচার্য থাকার সময় ২০১৩ সালের ৪ জানুয়ারি অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় সাপ্তাহিক ছুটি বাড়িয়ে ২ দিন করার সিদ্ধান্ত নেওয়া হয়। ওই সিদ্ধান্ত পরের প্রশাসন কার্যকর করেনি। আবদুস সোবহান ৭ মে পুনরায় উপাচার্যের দায়িত্ব নেওয়ার পর সে সিদ্ধান্ত কার্যকর করলেন।